



প্রবাসী কল্যাণ ব্যাংক

এবং

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত
সমঝোতা স্মারক

জুলাই ১, ২০১৫ হতে জুন ৩০, ২০১৬

সূচিপত্র

প্রবাসী কল্যাণ ব্যাংকের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র..... ০৩

প্রস্তাবনা..... ০৪

সেকশন ১:

❖ রূপকল্প (Vision) ০৫

❖ অভিলক্ষ (Mission) ০৫

❖ কৌশলগত উদ্দেশ্যসমূহ ০৫

❖ কার্যাবলী ০৫

সেকশন ২:

কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার , কার্যক্রম, কর্মসম্পাদনের সূচক এবং লক্ষ্যমাত্রা সমূহ

ক) কৌশলগত উদ্দেশ্যসমূহ ০৬

খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ০৭

প্রতিষ্ঠানের কর্মসম্পাদনের সংক্ষিপ্ত চিত্র
(Overview of the Performance of Institutions)

সাম্প্রতিক অর্জন , চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ

বাংলাদেশের অর্থনীতিতে অভাবনীয় অবদান রাখা প্রবাসীদের সার্বিক কল্যাণার্থে সরকার ২০১০ সালের ৫৫ নং আইন দ্বারা প্রবাসী কল্যাণ ব্যাংক প্রতিষ্ঠা করে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের পর ব্যাংকের কার্যক্রম আনুষ্ঠানিকভাবে এপ্রিল ২০১১ থেকে শুরু হয়। প্রবাসীদের ক্ষমতায়ন ও নিরাপদ অভিवासনে আস্থার প্রতীক হিসাবে প্রতিষ্ঠা করার ব্রত নিয়ে এই ব্যাংক নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সমন্বিত পদক্ষেপ ও দৃঢ় প্রত্যয়ের মাধ্যমে ৩০.০৬.২০১৫ তারিখ পর্যন্ত প্রবাসী কল্যাণ ব্যাংক দেশের ৬৪ জেলার প্রায় ৯৫১৩ (নয় হাজার পাঁচশত তের) বিদেশগামী কর্মীকে 'অভিবাসন ঋণ' প্রদান করে সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, ওমান, ব্রুনাই, মালয়েশিয়া, কুয়েত, সিঙ্গাপুর, ইতালি, কাতার, মরিশাস, জর্ডান, লেবানন, দক্ষিণ কোরিয়া, হংকং, বাহরাইন, বেলারুশ, সাইপ্রাস, তাজাকিস্থান প্রভৃতি দেশে গমনে সহায়তা করেছে। বিতরণকৃত ঋণের পরিমাণ প্রায় ৭৪ কোটি টাকা। তাছাড়া বিদেশ ফেরৎ প্রায় ১৫০ জন কর্মীকে পুনর্বাসন ঋণ প্রদান করা হয়েছে। ঋণ বিতরণের পাশাপাশি ঋণ আদায় কার্যক্রম জোরদার করা হয়েছে। বিতরণকৃত ঋণের বিপরীতে ৩০.০৬.২০১৫ তারিখ পর্যন্ত প্রায় ৪২.০০ কোটি আদায় করা হয়েছে। শুধুমাত্র ২০১৪-১৫ অর্থ-বছরে ২৩ কোটি টাকা আদায় করা সম্ভব হয়েছে। প্রবাসী কর্মীগণ দ্রুত ঋণ যাতে পেতে পারেন সেজন্য প্রবাসী অধ্যুষিত এলাকায় প্রবাসী কল্যাণ ব্যাংকের ৪৯ টি শাখা খোলা হয়েছে। প্রধান কার্যালয় ও প্রতিটি শাখার সকল স্তরে কম্পিউটার জ্ঞান সম্পন্ন জনবল নিয়োগ দেয়া হয়েছে। জানুয়ারী ২০১৪ হতে অন-লাইন ব্যাংকিং চালু করা হয়েছে।

সমস্যা ও চ্যালেঞ্জসমূহ :

রেমিট্যান্স আনয়ন, ঋণ আদায় ত্বরান্বিত এবং ব্যাংকের কার্যক্রমকে আরও গতিশীল করার লক্ষ্যে সাধারণ ব্যাংকিং কার্যক্রম চালু, ক্লিয়ারিং হাউজের সদস্যপদ হওয়া এবং এক্সচেঞ্জ হাউজ খোলার জন্য প্রবাসী কল্যাণ ব্যাংকটিকে বিশেষায়িত তফসিলি ব্যাংকে রূপান্তর করা অন্যতম সমস্যা ও চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনা :

কম খরচে ও নিরাপদে বিদেশ থেকে রেমিট্যান্স দেশে আনয়নে সহায়তা প্রদান এই ব্যাংকের অন্যতম উদ্দেশ্য। এতদুদ্দেশ্য পূরণকল্পে দ্রুততম সময়ে দেশের সকল উপজেলায় এই ব্যাংকের শাখা খোলা হবে। অভিবাসীদের পরিসংখ্যানগত অবস্থান বিবেচনা করে সৌদি আরব, কুয়েত, সংযুক্ত আরব আমিরাত, মালয়েশিয়া, ওমান, সিঙ্গাপুর, হংকং, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র এবং বাহরাইন ইত্যাদি দেশে এক্সচেঞ্জ হাউজ স্থাপনের পরিকল্পনা আছে।

২০১৫-১৬ অর্থ বছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ৫০০০ জন বিদেশগমনেচ্ছুক কর্মীকে ৪২ (বিয়াল্লিশ) কোটি টাকা ঋণ প্রদান
- ঋণ বিতরণের পাশাপাশি ইতোপূর্বে প্রদত্ত ঋণের ৩৫ (পঁইয়ত্রিশ) কোটি টাকা আদায়
- ২০১৫-১৬ অর্থ-বছরে ব্যাংকের আরও ২৫ টি শাখা খোলা।
- গুরুত্বপূর্ণ ডাটা নিরাপদ করার লক্ষ্যে ডাটা সেন্টার স্থাপন।

উপক্রমণিকা (Preamble)

প্রবাসী কল্যাণ ব্যাংক এর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টরস ও ব্যবস্থাপনা পরিচালক
এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থ মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান
বিভাগ এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১২ তারিখে এই বার্ষিক কর্ম সম্পাদন সংক্রান্ত সমঝোতা
স্মারক স্বাক্ষরিত হল।

এই সমঝোতা স্মারকে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

সেকশন ১

ব্যাংকের রূপকল্প (Vision) , অভিলক্ষ (Mission) , কৌশলগত উদ্দেশ্য সমূহ এবং কার্যাবলি

১.১ রূপকল্প (Vision) :

প্রবাসীদের ক্ষমতায়ন ও নিরাপদ অভিবাসন নিশ্চিতকল্পে প্রবাসী কল্যাণ ব্যাংককে আস্থার প্রতীক হিসেবে প্রতিষ্ঠাকরণ।

১.২ অভিলক্ষ্য (Mission) :

তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যয় সাশ্রয়ী পন্থায় নিরাপদে ও দ্রুততার সঙ্গে বিদেশ থেকে রেমিট্যান্স প্রেরণে সহায়তা প্রদান এবং বিদেশগামী ও প্রবাস ফেরত কর্মীদের সহজ শর্তে স্বল্পসময়ে “অভিবাসন ঋণ” ও “পূর্ণবাসন ঋণ” প্রদান।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) :

১.৩.১ ব্যাংকের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধিতে সহায়তা প্রদান
২. অভিবাসন ঋণ প্রদান
৩. পূর্ণবাসন ঋণ প্রদান

১.৩.২. আবিশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. সিটিজেন চার্টার
২. অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মান উন্নয়ন
৩. সেবার মান উন্নয়ন
৪. দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
৫. প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন
৬. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন
৭. মানব সম্পদ উন্নয়ন

১.৪ কার্যাবলি (Function) :

১. প্রযুক্তি নির্ভর আধুনিক ব্যাংকিং সেবা এবং মোবাইল প্রযুক্তির মাধ্যমে রেমিট্যান্স সুবিধা প্রদান।
২. বিদেশগামী কর্মীদের জামানতবিহীন অভিবাসন ঋণ প্রদান।
৩. বিদেশ ফেরত কর্মীদের পূর্ণবাসন ঋণ প্রদান।
৪. অভিবাসী কর্মীদের জন্য দেশের অভ্যন্তরে বিনিয়োগের পরিবেশ সৃষ্টি এবং দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য তাদেরকে উৎপাদন খাতে বিনিয়োগে উৎসাহ প্রদান।
৫. আমানত গ্রহণ, ঋণ ও অগ্রিম প্রদান, বৈদেশিক মুদ্রা ক্রয়-বিক্রয় এবং বিদেশ গমনেচ্ছুক কর্মীদের কাছ থেকে বিভিন্ন ধরনের ফি সংগ্রহ।
৬. প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করার পরবর্তী ৩ কর্মদিবসের মধ্যে ব্যাংক কর্তৃক ঋণ মঞ্জুর করা। ব্যাংকের কর্মকর্তাগণ আবেদনকারীর বাড়ীতে সশরীরে উপস্থিত হয়ে ঋণ প্রদানের সমস্ত আনুষ্ঠানিকতা সম্পন্ন করা।
৭. ঋণ গ্রহীতার ঋণ আবেদনপত্রের প্রোফাইল হতে শুরু করে ঋণ মঞ্জুর, ঋণ বিতরণ, নথিভুক্তকরণ সকল কিছুই ইলেক্ট্রনিক প্রক্রিয়ায় সম্পন্ন করা।
৮. বিদেশ গমনেচ্ছুক কর্মীর কাছ থেকে রেজিস্ট্রেশন ফি, স্মার্ট কার্ড এবং অন্যান্য ফি আদায় করা।

সেকশন -২ (ক): কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার কর্মসম্পাদন সূচক, কার্যক্রম এবং লক্ষ্যমাত্রাসমূহ।
প্রবাসী কল্যাণ ব্যাংক এর কৌশলগত উদ্দেশ্যসমূহঃ







ক্রমিক নং	ইভিক্টের	একক	২০১৩-২০১৪ এর অর্জন	২০১৪-২০১৫ এর অর্জন	২০১৫-২০১৬ এর লক্ষ্যমাত্রা	২০১৬-২০১৭ এর লক্ষ্যমাত্রা	২০১৭-১৮ এর লক্ষ্যমাত্রা	Weight Factor
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
১	মোট ঋণ বিতরণ	বিতরণ (কোটি টাকায়)	২৪.৫০	৩৩.২৬	৪২.০০	৬০.০০	৭০.০০	২০
		ঋণের স্থিতি (কোটি টাকায়)	২৯.০১	৪৩.৪৬	৪৮.০০	৬৫.০০	৭০.০০	২০
২	মোট ঋণ আদায়	আদায়ের লক্ষ্যমাত্রা (কোটি টাকায়)	১৮.২৯	২৪.৫৫	৩৫.০০	৫৭.০০	৬০.০০	১৫
		আদায়যোগ্য ঋণের বিপরীতে আদায়ের হার (ক্রমপঞ্জিভূত)	৬৫%	৭৫%	৮০%	৮৫%	৯০%	১৫
৩	মোট আমানতের বিপরীতে স্বল্পব্যয়ী আমানতের হার	শতকরা হিসাব	৫%	৭%	৭%	১৫%	২০%	৫
৪	কর ও প্রভিশন পরবর্তী মুনাফা	(কোটি টাকায়)	৪.০৫	৩.২১	৩.৫০	১৫.০০	২০.০০	৫
৫	সম্পদের উপর উপার্জনের হার	শতকরা হিসাব	৪%	৪%	৫%	১০%	১২%	৫
৬	ঋণের মাধ্যমে কর্মসংস্থান সৃজন	সংখ্যা	১০০৪১	১২৭৪৭	১৫০০০	১৬০০০	১৭০০০	১০
৭	মামলা নিষ্পত্তি হার	আদালতে বিচারার্থীন মামলার হার (অর্থ ঋণ / ফৌজদারি)	৪%	৭%	৮%	১০%	১২%	৫
৭	অটোমেশন	সংখ্যা	৭২	৪৯	৫৫	৬৫	৭০	১০
৯	লোকসানী শাখা (সংশ্লিষ্ট বছরের নতুন শাখা ব্যতিত)	সংখ্যা	--	২৬	১৬	১০	০৫	৫
১০	জন প্রতি পরিচালন মুনাফা	লক্ষ টাকায়	১১.০০	১১.০২	১১.০০	১১.০০	১২.০০	৫
Weight Factor								৮৫

সেকশন - ২ খ
দপ্তর/সংস্থার আর্থিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

কলাম-১	কলাম-২	কলাম-৩	কলাম-৪	কলাম-৫	কলাম-৬				
					অতি উত্তম (Very good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)	লক্ষ্যমাত্রার মান (২০১৫-২০১৬)
কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives)	কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of strategic objectives)	কার্যক্রম (Objectives)	কর্মসম্পাদন সূচক (Performance Indicator)	একক (Unit)	জসাম্পাদন (Excellent)	অতি উত্তম (Very good)	উত্তম (Good)	চলতি মান (Fair)	চলতি মানের নিম্নে (Poor)
দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন	৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সাফল্য	নির্ধারিত সময় সীমার মধ্যে চুক্তি সাফল্য	তারিখ	১৫ অক্টোবর	১৯ অক্টোবর	২২ অক্টোবর	২৬ অক্টোবর	০৯ অক্টোবর
		বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিসীক্ষণ	দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন	সংখ্যা	৫	৩	-	-	-
দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	৩	মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর	সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারিকৃত	তারিখ	২৮ এপ্রিল ২০১৬	৫ মে ২০১৬	১২ মে ২০১৬	১৯ মে ২০১৬	২৬ মে ২০১৬
		কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন	প্রশিক্ষণের সময়	জনঘণ্টা	৬০	৫৫	৫০	৪৫	৪০
তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য বাস্তবায়ন	২	জাতীয় সূচচার কৌশল বাস্তবায়ন	দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত	তারিখ	২৯ অক্টোবর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯ নভেম্বর
		তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন	দপ্তর/সংস্থায় শূদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত	তারিখ	১ ডিসেম্বর	৭ ডিসেম্বর	১৪ ডিসেম্বর	২১ ডিসেম্বর	২৮ ডিসেম্বর
উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন	৫	আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ	মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত	%	১০০	৯৫	৯০	৮৫	৮০
		দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন	দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	১৫ অক্টোবর	২৯ অক্টোবর	১৫ নভেম্বর	৩০ নভেম্বর	১৫ ডিসেম্বর
উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন	৫	পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের সিটিজেনস চার্টার প্রণয়ন	দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯ নভেম্বর
		অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন	পরিবর্তিত ফরম্যাটে দপ্তর/সংস্থার সিটিজেনস চার্টার ওয়েবসাইটে প্রকাশিত	তারিখ	০১ নভেম্বর	০৮ নভেম্বর	১৫ নভেম্বর	২২ নভেম্বর	২৯ নভেম্বর
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন	নগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত	%	৯০	৮০	৭০	৬০	৫০
		বাজেট বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কর্মসম্পাদন একটি করে অনলাইন সেবা চালুকৃত	তারিখ	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	২৯ জুন ২০১৬
আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন	২	বাজেট বাস্তবায়ন	দপ্তর/সংস্থার কর্মসম্পাদন একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত	তারিখ	০১ জুন ২০১৬	০৮ জুন ২০১৬	১৫ জুন ২০১৬	২২ জুন ২০১৬	২৯ জুন ২০১৬
		বাজেট বাস্তবায়ন কর্মসম্পাদন কমাটির কর্মপরিস্থিতি যথাযথভাবে অনুসরণ	বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন	সংখ্যা	৫	৪	৩	২	১
উন্নয়ন		অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন	বহুরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত	%	৫০	৪৫	৪০	৩৫	৩০

আমি চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টর এবং আমি ব্যবস্থাপনা পরিচালক প্রবাসী কল্যাণ ব্যাংক এর প্রতিনিধি হিসাবে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবের নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রীর প্রতিনিধি হিসাবে চেয়ারম্যান, বোর্ড অব ডিরেক্টর এবং ব্যবস্থাপনা পরিচালক প্রবাসী কল্যাণ ব্যাংক এর নিকট অঞ্জীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

 <p>সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয়</p>	 <p>চেয়ারম্যান বোর্ড অব ডিরেক্টর প্রবাসী কল্যাণ ব্যাংক</p>  <p>ব্যবস্থাপনা পরিচালক প্রবাসী কল্যাণ ব্যাংক</p>
সাক্ষী	
 <p>ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা অতিরিক্ত সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার</p>	 <p>গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি উপব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) প্রবাসী কল্যাণ ব্যাংক</p>
 <p>ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা সেয়দা নুরুন নাহার যুগ্ম-সচিব ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ অর্থ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার</p>	<p>মো: মহব্বত উল্লাহ মহাব্যবস্থাপক প্রবাসী কল্যাণ ব্যাংক</p>

তারিখ ১২/১০/২০১৫